# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইলঃdgmbcbd@krishibank.org.bd


পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-১১/২০২৩ তারিখঃ ১৬ আগষ্ট ২০২৩

**বিষয়ঃ বিকেবি প্রবাসী সঞ্চয় স্কীম (BKB Probashi Deposit Scheme) চালুকরণ প্রসঙ্গে।**

প্রবাসে কর্মরত বাংলাদেশী নাগরিকগণ তাঁদের কষ্টার্জিত অতিমূল্যবান রেমিট্যান্স প্রতিনিয়ত স্বদেশে প্রেরণ করে দেশের উন্নয়ন, সমৃদ্ধি ও মর্যাদা বৃদ্ধিতে কাজ করে চলছেন। প্রবাসীরা রেমিট্যান্স হিসেবে যত টাকা দেশে প্রেরণ করেন তার একটি অংশ তাঁদের ভবিষ্যতের নিশ্চয়তা সৃষ্টির প্রয়োজনে সঞ্চয় আকারে জমা রাখতে পারেন। পরিকল্পিতভাবে রোপন করা একটি ক্ষুদ্র সঞ্চয়ী চারাগাছ ভবিষ্যত জীবনে বৃক্ষ হিসেবে মাথার ওপর ছায়া দিতে পারে।প্রবাসীরা সঞ্চয় স্কীমে অর্থ সঞ্চয়ের মাধ্যমে অতি আকর্ষণীয় মুনাফা অর্জনের পাশাপাশি দেশে প্রত্যাবতর্নের পর সঞ্চয়কৃত অর্থ কাজে লাগিয়ে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে আরোসহায়ক ভূমিকা রাখতে পারবেন। এই লক্ষ্যে, পরিচালনা পর্ষদের ৩১-০৭-২০২৩ তারিখের ৮৩৮ তম সভায় অনুমোদনের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংকে নিম্নোক্ত শর্তে **বিকেবি প্রবাসী সঞ্চয় স্কীম (BPSS)** নামে একটি মাসিক সঞ্চয় স্কীম প্রবর্তন করা হলো।

২.০। হিসাবের নামঃ "বিকেবি প্রবাসী সঞ্চয় স্কীম" (BKB Probashi Deposit Scheme)।

২.১। হিসাব খোলার যোগ্যতা ঃ ১৮ বছরের উর্ধ্বে সুস্থ মস্তিষ্ক সম্পন্ন যেকোন প্রবাসী বাংলাদেশী নাগরিক ও তার পরিবার (প্রবাসী, প্রবাসী কর্তৃক প্রেরিত রেমিট্যান্স এর বেনিফিসিয়ারী- শুধুমাত্র তার স্ত্রী/স্বামী/মাতা/পিতা/পুত্র/কন্যা/ভাই/বোন তথা রক্তের সম্পর্কের যে কোন আত্মীয়) মাসের যে কোনো কর্মদিবসে নিজ নামে বা যৌথ নামে এক বা একাধিক হিসাব খুলতে পারবে।

২.২। অনুচ্ছেদ ২.১ এ উল্লেখিত প্রবাসীদের আত্মীয়দের হিসাব খোলার ক্ষেত্রে উপযুক্ত দালিলিক প্রমাণ দিতে হবে। তবে রক্তের সম্পর্ক ব্যতীত অন্য কোন আত্মীয়/স্বজন- শ্বশুর/শ্বাশুরী/শ্যালক/শ্যালিকা/বন্ধু/ অন্য কোন স্বজন বা পরিচিতজন এর নামে আলোচ্য হিসাব খোলা যাবে না।

২.৩। হিসাবের মেয়াদকাল ঃ ০৩, ০৫, ০৭, ও ১০ বছর।

২.৪। মাসিক কিস্তির পরিমান ঃ ১০০০ টাকা বা তার গুণিতক।

২.৫। সুদ/মুনাফার হারঃ বার্ষিক ৮% হতে ৯.২৫% চক্রবৃদ্ধি সুদ হারে মুনাফা প্রদেয় হবে।

| মাসিক জমার পরিমাণ | মেয়াদকাল | সুদের হার | মেয়াদান্তে মোট প্রদেয় টাকা(কর্তন ব্যতীত) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১০০০ টাকা | ৩ বছর | ৮.০০% | ৪০,৪৬৫/- | মেয়াদান্তে প্রদেয় টাকা হতে সরকারী নির্দেশনা মোতাবেক উৎসেকর ও প্রযোজ্য ক্ষেত্রে আবগারী শুল্ক ইত্যাদি কর্তন করতে হবে। |
| | ৫ বছর | ৮.৫০% | ৭৩,৮৬১/- | |
| | ৭ বছর | ৯.০০% | ১,১৪,৫৯৭/- | |
| | ১০ বছর | ৯.২৫% | ১,৯০,৪৪৯/- | |

** টিআইএন এবং আয়কর রিটার্ন জমাদানের রশিদ থাকা সাপেক্ষে ১০% উৎসকর কর্তন এবং বর্তমান প্রচলিত আবগারী শুল্ক হিসাব করে মেয়াদান্তে প্রদেয় টাকার পরিমাণ হিসাবায়ন করা হবে।তবে, টিআইএন নম্বর না থাকলে এবং আবগারী শুল্কের হার পরিবর্তন হলে প্রদেয় টাকার পরিমাণ কম হবে। মাসিক ১০০০ (এক হাজার) টাকা জমা হিসাব করে হিসাবায়ন করা হয়েছে। মাসিক জমার পরিমাণ গুণিতক হারে বাড়লে মেয়াদান্তে প্রদেয় টাকার পরিমাণ গুণিতক হারে বৃদ্ধি পাবে। তবে পরিমাণ গুণিতক হারে বাড়লে উৎস কর ও আবগারী শুল্ক কর্তন করলে প্রাপ্ত টাকার পরিমাণ কম হবে।

২.৫।উদ্দেশ্যঃ প্রবাসী বাংলাদেশীদের সঞ্চয়ে উদ্বুদ্ধ করা এবং ব্যাংকের আমানত বৃদ্ধি করা।

২.৬। হিসাবের সুবিধাসমূহ ঃ

২.৬.১। সরাসরি স্কীমের হিসাবে অথবা গ্রাহকের সঞ্চয়ী হিসাবের (Savings AC) মাধ্যমে এ হিসাবে টাকা জমা দেয়া যাবে। গ্রাহকের সঞ্চয়ী হিসাবে (Savings AC) যেকোন পরিমাণ অর্থ যে কোন সময় জমা করা যাবে। স্বয়ংক্রিয়ভাবে প্রতি মাসে স্কীমের হিসাবে নির্ধারিত কিস্তির টাকা স্থানান্তরিত হবে। টাকা স্থানান্তরের জন্য কোন ফি বা অতিরিক্ত টাকা কর্তন করা হবেনা। গ্রাহককে তার পছন্দমত যেকোন একটি পদ্ধতি পছন্দ করে নিতে হবে।

২.৬.৫। সঞ্চয়ী হিসাবে (Savings AC) জমাকরণের ক্ষেত্রে বিদেশ হতে যে কোনো পরিমাণ টাকা সরাসরি প্রেরণ করতে পারবেন। নির্ধারিত কিস্তির টাকা কর্তনের পর উক্ত হিসাবে জমাকৃত টাকার ওপরে সঞ্চয়ী হিসাবের নিয়ম অনুসারে মুনাফা পাবে।

২.৬.৬। স্কীম হিসাব মেয়াদপূর্ণ হওয়ার পর টাকা উত্তোলনে বিলম্ব হলে (শুধুমাত্র প্রবাসী হিসাবধারীর ক্ষেত্রে) অতিরিক্ত সময়ের জন্য প্রাপ্য টাকার উপর প্রচলিত সঞ্চয়ী হিসাবের (Savings Account) নিয়ম অনুসারে সুদ প্রাপ্য হবে।

২.৬.৭। প্রবাস হতে অনলাইন এর মাধ্যমে টাকা জমা করা যাবে, তবে টাকা উত্তোলন করা যাবে না।

২.৬.৮। প্রবাসী স্থায়ীভাবে দেশে প্রত্যাবর্তন করলেও উক্ত হিসাব সচল/চালু থাকবে এবং মুনাফার হারে কোন পরিবর্তন হবে না।

২.৭। <u>হিসাব খোলা ও পরিচালন সংক্রান্ত নিয়মাবলী ঃ</u>

২.৭.১। আমানতকারী নিজ নামে এ স্কীমের আওতায় এক বা একাধিক হিসাব ব্যাংকের নির্ধারিত আবেদন ফরমের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের যে কোন শাখায় যেকোন কর্মদিবসে খুলতে পারবে। এ ক্ষেত্রে অনুঃ ২.১ ও ২.২ এর নীতিমালা অনুসরণ করতে হবে।

২.৭.২। হিসাব খোলার সময় আমানতকারীর পূর্ণাঙ্গ পরিচিতি (KYC), জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি ও পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি, অনুচ্ছেদ ২.১, ২.২ ও ২.৫.১ এর বেনিফিসিয়ারীর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্রসহ (ওয়ারিস সনদ, জাতীয় পরিচয়পত্রে প্রযোজ্য ক্ষেত্রে প্রবাসীর স্বামী/স্ত্রীর নাম অথবা অন্যান্য ক্ষেত্রে পিতা/মাতার নাম ইত্যাদি) হিসাবধারীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবি প্রদান করতে হবে। যথানিয়মে সনাক্তকারী নিতে হবে।

২.৭.৩। গ্রাহকের যদি টিআইএন (TIN) থাকে তবে হিসাব খোলার সময় **আয়কর রিটার্ন প্রত্যয়ন/রিটার্ন জমাদানের রশিদসহ টিআইএন (TIN) সার্টিফিকেট** জমা নিতে হবে এবং যথাযথভাবে হিসাব খোলার ফর্মে লিপিবদ্ধ করতে হবে এবং সংরক্ষণ করতে হবে।

২.৭.৪। সরকার কর্তৃক আরোপিত উৎসে কর, আবগারী শুল্ক ও অন্যান্য চার্জ (যদি থাকে) আমানত হিসাব হতে কর্তনযোগ্য হবে।

২.৭.৫। রেমিট্যান্স প্রেরণকারীর উপযুক্ত আত্মীয়ের (অনুচ্ছেদ ২.১, ২.২ ও ২.৭.১ মোতাবেক) হিসাব খোলার ক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকে সংশ্লিষ্ট প্রবাসী কর্তৃক প্রেরণকৃত যে কোন একটি রেমিট্যান্স প্রমাণপত্র হিসাবে গ্রহন করতে হবে।

২.৭.৬। হিসাব খোলার ফরমে টাকার পরিমাণ ও মেয়াদকাল (অংকে ও কথায়) স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। কোনরূপ কাটাকাটি, ঘষামাজা, উপরিলিখন ও পরিমার্জন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

২.৭.৭। এ হিসাবের বিপরীতে কোন চেক প্রদান করা যাবে না। অর্থাৎ হিসাবটি চেকবিহীন হবে।

২.৭.৮।সরাসরি এ হিসাবে কিংবা সঞ্চয়ী হিসাব হতে **প্রতি মাসের ১০ তারিখের** (১০ তারিখ ছুটির দিন হলে পরের দিন) মধ্যে মাসিক কিস্তির টাকা এ স্কীমের আওতায় খোলা হিসাবে স্থানান্তর করতে হবে। এক্ষেত্রে স্থানান্তর ফী কর্তন করা হবে না।

২.৭.৯। পরপর তিনটির অধিক কিস্তি খেলাপ হলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। তবে তিন মাসের কিস্তির টাকা একত্রে চতুর্থ মাসের কিস্তিসহ পরিশোধ করা যাবে। এক্ষেত্রে প্রতি হাজারে মাসিক ভিত্তিতে ২০ টাকা জরিমানা প্রদান করতে হবে। স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হিসাব পরবর্তীতে চালু করার স্বপক্ষে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। এরূপ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হিসাবের ক্ষেত্রে ২.০৯ অনুচ্ছেদের নির্দেশনা প্রযোজ্য হবে। স্কীম হিসাবের সম্পূর্ণ মেয়াদকালে সর্বমোট ০৫(পাঁচ)টি কিস্তির বেশি খেলাপ করা যাবে না। সেক্ষেত্রেও হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং ২.০৯ অনুচ্ছেদের নির্দেশনা প্রযোজ্য হবে ।

২.৭.১০। প্রতিটি হিসাবে বাৎসরিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ প্রদেয় হবে। মাসিক ভিত্তিতে সুদ প্রভিশন রাখতে হবে। সুদ প্রদানের জন্য সূত্র- $A = P(1+r/n)^{nt}$ [A=Amount, P=Principal, r=Interest Rate (Decimal), n=Interest Compounded per year, t=Time Years]

২.৭.১১। মেয়াদপূর্তিতে আমানতকারীর আবেদনের প্রেক্ষিতে এ হিসাবের টাকা সংশ্লিষ্ট গ্রাহকের চলতি/সঞ্চয়ী হিসাবেস্থানান্তরের মাধ্যমে অথবা নগদে ক্রেডিট ক্যাশ ভাউচারের মাধ্যমে প্রদেয় হবে।

২.৮ । <u>নমিনি মনোনয়ন সংক্রান্ত নিয়মাবলী ঃ</u>

২.৮.১। আমানতকারীকে ব্যাংকের প্রচলিত নিয়মে অবশ্যই নমিনী নিযুক্ত করতে হবে।আমানতকারী কর্তৃক সত্যায়িত নমিনীর ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি হিসাব খোলার ফর্মের সাথে সংযুক্ত করতে হবে। নাবালক/নাবালিকাকেও নমিনী করা যাবে। এক্ষেত্রে নাবালক/নাবালিকার জন্মনিবন্ধন এর কপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দিতে হবে।

২.৮.২। আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহনের পূর্বে নমিনীর মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে হিসাবধারী নতুন নমিনী মনোনয়ন করবেন। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পর নমিনী হিসাবের অর্থ প্রাপ্য হবেন। এক্ষেত্রে সাকসেশন সার্টিফিকেট গ্রহনের প্রয়োজন হবে না এবং বিষয়টি শাখা পর্যায়েই নিস্পত্তিযোগ্য হবে। নমিনীকে হিসাবের অর্থ পরিশোধের সময় নিম্নোক্ত কাগজপত্রাদি গ্রহণ করতে হবে।

- আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।
- নমিনীর পরিচয়পত্র যাচাইয়ের জন্য জাতীয় পরিচয়পত্র/স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ একজন গেজেটেড অফিসার বা ব্যাংকের ব্যাংকের ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের একজন কর্মকর্তার প্রত্যয়নপত্র।
- নমিনীর আইনানুগ অবিভাবকের আবেদনপত্র ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (নাবালক/নাবালিকার ক্ষেত্রে)।
- নাবালক/নাবালিকার ক্ষেত্রে নমিনীর আইনানুগ অভিভাবক কর্তৃক শাখার একজন আমানত হিসাবধারীর সাথে যৌথভাবে সম্পাদিত ইনডেমনিটি বন্ড (ক্ষতিপূরণ মুচলেকা)।

২.৮.৩। আমানতকারী যেকোন সময় লিখিতভাবে তার বিদ্যমান নমিনী মনোনয়ন বাতিল করে নতুন করে নমিনী মনোনয়ন করতে পারবে।

২.৯ মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে হিসাবায়ন ও টাকা উত্তোলন পদ্ধতি ঃ

আমানতকারী স্বশরীরে ব্যাংক শাখায় উপস্থিত হয়ে লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূতির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

২.৯.১। হিসাব খোলার এক বৎসরের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহককে কোন মুনাফা প্রদান করা হবে না।
২.৯.২। ১(এক) বছরের অধিক কিন্তু ২(দুই) বছরের কম হলে ৩.৫০% হারে সুদ প্রাপ্য হবে।
২.৯.২। ২(দুই) বছরের অধিক কিন্তু ৩(তিন) বছরের কম হলে ৫.০০% সরল হারে সুদ প্রাপ্য হবে।
২.৯.৩। ৩ (তিন) বছরের অধিক কিন্তু ৫(পাঁচ) বছরের কম হলে ৫.৫০% সরল হারে সুদ প্রাপ্য হবে।
২.৯.৪। ৫(পাঁচ) বছরের অধিক কিন্তু ৭(সাত) বছরের কম হলে ৬% সরল হারে সুদ প্রাপ্য হবে।
২.৯.৫। ৭(সাত) বছরের অধিক কিন্তু ১০(দশ) বছরের কম হলে ৬.৫০% সরল হারে সুদ প্রাপ্য হবে।
২.৯.৬। প্রযোজ্য হরে আবগারী, উৎসকর ও অন্যান্য সরকারী চার্জ (হিসাব বন্ধের চার্জ ব্যতীত) কর্তনযোগ্য হবে।

২.১০। সংশ্লিষ্ট হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান ঃ

আমানতকারীকে (বিদেশ হতে ছুটিতে দেশে আসলে বা স্থায়ীভাবে দেশে প্রত্যাবর্তনের পর স্বশরীরে উপস্থিত হয়ে) আপদকালীন সময়ের জন্য/সাময়িক প্রয়োজনে লিখিত আবেদনের প্রেক্ষিতে তার হিসাবের স্থিতি লিয়েন রেখে নিম্নবর্নিত শর্তে ঋণ প্রদান করা যাবে ঃ

| | | |
|---|---|---|
| ঋণ সীমা | ঃ | হিসাবে জমাকৃত আসলের সর্বোচ্চ ৮০%। |
| ঋণের সময়কাল | ঃ | সর্বোচ্চ ০১(এক) বছর। |
| ঋণের প্রকৃতি | ঃ | সাধারণ ও লিমিট আকারে চলমান বা সিসি (এ ক্ষেত্রে সিসির নিয়মাবলী প্রযোজ্য হবে)। |
| ঋণ প্রাপ্তির যোগ্যতা | ঃ | হিসাব খোলার পরেই হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান করা যাবে। |
| ঋণ মঞ্জুরীর ক্ষমতা | ঃ | শাখা ব্যবস্থাপক (লিমিট আকারে চলমান/সিসির ক্ষেত্রে স্ব স্ব মঞ্জুরী ক্ষমতায় ঋণ বিতরণযোগ্য হবে)। |
| সুদের হার | ঃ | এ স্কীমের হিসাবের সুদের চেয়ে৩% বেশী (ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে)। |
| পরিশোধ পদ্ধতি | ঃ | কিস্তিতে অথবা এককালীন পরিশোধযোগ্য। ঋণটি কোন অবস্থাতেই শ্রেনীকৃত হতে পারবেনা। এ ধরনের সম্ভাবনা দেখা দিলে বিকেবি প্রবাসী সঞ্চয় স্কীম (BPSS) বন্ধ করে ঋণ হিসাব সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ গ্রাহককে প্রদান করতে হবে। |
| দলিল পত্রাদি | ঃ | ক) ডিমান্ড প্রমিসরি নোট, খ) লেটার অব লিয়েন, গ) লেটার অব এরেঞ্জমেন্ট, ঘ) লেটার অব ডিসবার্সমেন্ট, ঙ) সংশ্লিষ্ট আমানত হিসাবটি বন্ধ করে ঋণ হিসাব সমন্বয় (Set Off) করার সম্মতিপত্র। |

২.১১। বিশেষ নির্দেশাবলীঃ

২.১১.১। হিসাবধারীর মৃত্যুর পর স্বয়ংক্রিয়ভাবে হিসাবটি বন্ধ হয়ে যাবে। এক্ষেত্রে ২.১০ অনুচ্ছেদের নিয়ম মোতাবেক হিসাবায়ন করে হিসাবের অর্থ যথাযথ নিয়মে নমিনি/উত্তোরাধীকারী-কে বা গণকে পরিশোধ করতে হবে।

২.১১.২। এ স্কীমের বিপরীতে গৃহীত ঋণ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে আমানতকারীর মৃত্যু হলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি (যদি থাকে) নিযুক্ত নমিনি বা উত্তরাধিকারীগণকে প্রদেয় হবে। কোন অবস্থাতেই ঋণের টাকা অসমন্বিত রাখা যাবে না।

২.১১.৩। এ স্কীমের জন্য পৃথক লেজার সংরক্ষণ করতে হবে।

২.১১.৪। স্কীমটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় যে কোন সময় ব্যাংক কর্তৃপক্ষ এ প্রকল্পের যে কোন শর্ত সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২.১১.৫। এ স্কীমের আওতায় খোলা হিসাব ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় স্থানান্তর করা যাবে না।

২.১১.৬। হিসাবের মেয়াদপূর্তির পর গ্রাহককে তার প্রাপ্য টাকা এককালীন প্রদেয় হবে। তবে, আবগারী শুল্ক ও সরকারী উৎসে কর কর্তনপূর্বক প্রাপ্য টাকা নির্ধারণ করতে হবে।

চলমান পাতা-০৪

২.১১.৭। হিসাবের মেয়াদপূর্তির পর হিসাবটি নবায়ন করা যাবে না। তবে অনুচ্ছেদ ২.৬.৬ অনুসরণ করতে হবে। প্রয়োজনে এই স্কীমের আওতায় পুনরায় হিসাব খোলা যাবে।

৩.০। হিসাব খাতঃ "বিকেবি প্রবাসী সঞ্চয় স্কীম (BKB Probashi Deposit Scheme)" এর জন্য জেনারেল লেজারে ২৩৭, "বিকেবি প্রবাসী সঞ্চয় স্কীম"মূলখাত, ১৩৩/৩৭BA "বিকেবি প্রবাসী সঞ্চয় স্কীম"এর উপর প্রদত্ত সুদ উপখাত (ব্যয় খাত) এবং ৪১/১১৯ "বিকেবি প্রবাসী সঞ্চয় স্কীম"এর উপর সুদ প্রভিশন উপখাত নামে ০৩টি খাত নির্ধারণ করা হয়েছে।

৪.০। এ স্কীমটি প্রবর্তনের ফলে শাখাসমূহের আমানত বৃদ্ধি পাবে। স্কীমটি জনপ্রিয় ও আমানতকারীগণের নিকট আকৃষ্ট করার উদ্দেশ্যে ব্যাপক প্রচারণা চালাতে হবে; এ উদ্দেশ্যে শাখাসমূহ কর্তৃক দর্শনীয় স্থানে ব্যানার, পোস্টার ও লিফলেটের মাধ্যমে জনসাধারণকে অবহিত ও উদ্বুদ্ধকরণের জন্য মাঠ পর্যায়ে শাখা ও অন্যান্য কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে ব্যক্তিগত উদ্যোগ ও ব্যাপক প্রচার কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকার পরামর্শ প্রদান করা হলো।

৫.০। **উক্ত নির্দেশনা পরিপত্র জারির তারিখ হতে কার্যকর হবে**। উল্লেখ্য যে, এ বিষয়ে কোন ধরনের অস্পষ্টতা পরিলক্ষিত হলে বা স্পষ্টিকরণের প্রয়োজন হলে বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা তে যোগাযোগ করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৬/০৮/২০২৩

**(মোহাঃ খালেদুজ্জামান)**
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৯)অংশ-২/২০২৩-২০২৪/২৪৩ তারিখঃ ১৬ আগষ্ট ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

১৬.০৮.২৩

**(কে. এম. হাবিব-উন-নবী)**
উপমহাব্যবস্থাপক